

অতীব জরুরী

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি (বিজিএমইএ)

বিজিএমইএ কমপ্লেক্স, হাউস#৭/৭-এ, ব্লক#এইচ-১, সেক্টর-১৭, উত্তরা, ঢাকা-১২৩০।

সম্মানিত সকল সদস্যের জন্য

সার্কুলার নংঃ বিজিএ/কাস/২০২০/৭২

তারিখঃ ১০/০৫/২০২০ইং


বিষয়ঃ করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমন ও বিস্তার প্রতিরোধে সরকার কর্তৃক গৃহীত সতর্কতামূলক পদক্ষেপ এর পরিপ্রেক্ষিতে আমদানী-রপ্তানীকারকগণকে প্রণোদনা প্রদানের উদ্দেশ্যে চট্টগ্রাম বন্দরে অবতরণকৃত এফসিএল/এলসিএল কন্টেইনার ১৬/০৫/২০২০ তারিখের মধ্যে ডেলিভারী গ্রহণ করা হলে উক্ত কন্টেইনার এর স্টোরেন্ট শতভাগ (১০০%) মওকুফ করায় দ্রুত ডেলিভারী নেয়া প্রসঙ্গে।

এতদ্বারা সম্মানিত সকল সদস্যদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সংক্রমন ও বিস্তার প্রতিরোধের লক্ষ্যে চট্টগ্রাম বন্দরে অবতরণকৃত যে সকল কন্টেইনারের ০৪ (চার) দিন ফ্রি টাইম সরকার কর্তৃক ঘোষিত সাধারণ ছুটি অর্থাৎ ২৬/০৩/২০২০ তারিখে বা তারপরে শেষ হয়েছে উক্ত কন্টেইনার সমূহ আগামী ১৬/০৫/২০২০ তারিখের মধ্যে খালাস গ্রহণ করা হলে স্টোরেন্ট শতভাগ (১০০%) মওকুফযোগ্য হবে।

চট্টগ্রাম বন্দরের চলমান কন্টেইনার জট নিরসনের লক্ষ্যে আগামী ১৬/০৫/২০২০ তারিখের মধ্যে উক্ত এফসিএল/এলসিএল কন্টেইনার খালাস না করা হলে The Regulation For Working at Chittagong Port (Cargo & Container), 2001 এর ধারা 160 অনুযায়ী দন্ডভাড়া আদায়ে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ বাধ্য হবে।

এমতাবস্থায়, করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সংক্রমন ও বিস্তার প্রতিরোধ এবং স্টোরেন্ট শতভাগ (১০০%) মওকুফ পাওয়ার লক্ষ্যে আগামী ১৬/০৫/২০২০ তারিখের মধ্যে বিজিএমইএ'র সকল সদস্যদের'কে তাদের এফসিএল/এলসিএল কন্টেইনার সমূহ দ্রুত খালাস নেয়ার জন্য পুনরায় অনুরোধ করা হলো।

এ'বিষয়ে টার্মিনাল ম্যানেজার চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ কর্তৃক প্রেরিত পত্র'টি আপনাদের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে এতদসঙ্গে সংযুক্ত করা হলো।



কমডোর মোহাম্মদ আবদুর রাজ্জাক (অবঃ)

এনইউপি, এনডিসি,পিএসসি,এমফিল

সচিব

সংযুক্তিঃ বর্ণনামতে।